গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ-১ শাখা
www.hsd.gov.bd

স্মারক নং- ৪৫.০০.০০০০.০০০.১৫৭.৯৯.০০০৩.২৬.২৪৪

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩৩
০৮ জুলাই ২০২৬

**বিষয়: বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি) অনুমোদনসহ যথাসময়ে ক্রয় কার্যক্রম গ্রহণ সংক্রান্ত নির্দেশনা**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ২০২৬-২০২৭ অর্থবছরে পরিচালন বাজেটের আওতায় দেশের সকল সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল, জেলা সদর/জেনারেল হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসহ অন্যান্য স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে ক্রয় কার্যক্রম যথাসময়ে ও সুষ্ঠুভাবে সম্পাদনের স্বার্থে বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি) অনুমোদনসহ প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত দিকনির্দেশনা প্রদান করা যেতে পারে:

(ক) ২০২৬-২৭ অর্থবছরে বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি) ৩০ জুলাই ২০২৬ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন করতে হবে;

(খ) বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি) অনুমোদনের পর ক্রয় সংক্রান্ত প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণসহ সেপ্টেম্বর ২০২৬ এর মধ্যে ১ম ধাপের ক্রয় সংক্রান্ত কার্যক্রম শুরু করতে হবে;

(গ) যথাসময়ে ক্রয় কার্যক্রম গ্রহণ ও সম্পন্ন না করার কারণে সরকারি অর্থ অব্যয়িত থাকলে ও স্বাস্থ্য সেবা ব্যাহত হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

০২। এমতাবস্থায়, ক্রয় কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা, জবাবদিহিতা ও সময়ানুবর্তিতা নিশ্চিতকল্পে এতদ্‌সংক্রান্ত আইন ও বিধি-বিধানের আলোকে অধিদপ্তর, দপ্তর, সকল সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল, জেলা সদর/জেনারেল হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসহ অন্যান্য স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

08/07/2026


মো: সাইফুল ইসলাম মজুমদার
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০৬৪৫
procurement1@hsd.gov.bd


বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল) ..................;
২। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল) ....................;
৩। তত্ত্বাবধায়ক, জেলা সদর/জেনারেল হাসপাতাল (সকল).......................;

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃ:আ: পরিচালক (প্রশাসন/হাসপাতাল)] (সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ);
২। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), (সকল)........................ (নিয়ন্ত্রণাধীন সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ);
৩। পরিচালক, সেন্ট্রাল মেডিকেল স্টোরস ডিপো (সিএমএসডি), তেজগাঁও, ঢাকা
৪। মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
৫। সিভিল সার্জন, (সকল),......................(নিয়ন্ত্রণাধীন সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ);
৬। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
৭। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৯। অতিরিক্ত সচিব (উন্নয়ন/বাজেট/হাসপাতাল)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১০। যুগ্মসচিব (ক্রয় ও সংগ্রহ অধিশাখা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১১। অফিস কপি।

C:\Users\Nasir Uddin Health\Desktop\New 2026\Letter\Bibido.doc

CamScanner